

আল-মুযযাম্মিল | Al-Muzzammil | الْمُزَّمِّل

আয়াতঃ ৭৩ : ১৩

আরবি মূল আয়াত:

وَّطَعَامًا ذَا غُصَّةٍ وَ عَذَابًا أَلِيمًا ﴿١٣﴾

অনুবাদসমূহ:

ও কাঁটায়ুক্ত খাদ্য এবং যন্ত্রণাদায়ক শাস্তি। — আল-বায়ান

আর গলায় আটকে যায় এমন খাবার আর মর্মান্তিক শাস্তি। — তাইসিরুল

আর আছে এমন খাদ্য যা গলায় আটকে যায় এবং মর্মভেদ শাস্তি। — মুজিবুর রহমান

And food that chokes and a painful punishment - — Sahih International

১৩. আর আছে এমন খাদ্য, যা গলায় আটকে যায় এবং যন্ত্রণাদায়ক শাস্তি। (১)

(১) অতঃপর আখেরাতের কঠিনতম শাস্তির বর্ণনা প্রসঙ্গে **أَلِيمًا** শব্দ ব্যবহার করা হয়েছে। অর্থ আটকাবস্থা ও শিকল। এরপর জাহান্নামের উল্লেখ করে জাহান্নামীদের ভয়াবহ খাদ্যের কথা বলা হয়েছে। **(وَّطَعَامًا ذَا غُصَّةٍ)** এর অর্থ গলগ্রহ খাদ্য। অর্থাৎ যে খাদ্য গলায় এমনভাবে আটকে যায় যে, গলাধঃকরণও করা যায় না এবং উদগীরণও করা যায় না। জাহান্নামীদের খাদ্য **غسلين** ও **ضريع** এর অবস্থা তাই হবে। ইবনে আব্বাস রাদিয়াল্লাহু 'আনহুমা বলেন, তাতে আগুনের কাটা থাকবে; যা গলায় আটকে যাবে। [কুরতুবী] শেষে বলা হয়েছে: **(وَعَذَابًا أَلِيمًا)** নির্দিষ্ট আযাব উল্লেখ করার পর একথা বলে এর আরও অধিক অন্যান্য শাস্তির দিকে ইঙ্গিত করা হয়েছে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১৩) আর আছে এমন খাদ্য, যা গলায় আটকে যায় এবং যন্ত্রণাদায়ক শাস্তি। [1]

[1] **أَلِيمًا** হল **أَلِيمًا** এর বহুবচন। যার অর্থ, শৃঙ্খল বা শিকল। আর **كَعْبُ كَعْبٍ** এর অর্থ **أَغْلَالٌ** (বেড়ি) করেছেন। **أَلِيمًا** অর্থাৎ, প্রজ্বলিত আগুন। **غُصَّةٍ** গলায় আটকে যায় এমন খাদ্য। না গলা থেকে নিচে যায়, আর না বেরিয়ে আসে। এটা **زَقُومٌ** অথবা **ضَرِيعٌ** এর খাবার হবে। **ضَرِيعٌ** একটি কাঁটাদার গাছ; যা অতি দুর্গন্ধময় এবং বিষাক্ত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5488>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন